# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘন্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ জনাব এম একটি মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সমাজেও নিজেকে মুসলমান হিসেবে পরিচয় দেন। অতএব জন্মগতভাবে এবং সমাজের পরিচিতি থেকে সবাই জানে যে, জনাব এম একজন মুসলমান। কিন্তু তিনি মনে অবাধ্যতা গোপন রেখে নিজেকে বাহ্যিকভাবে ইসলামের প্রতি অনুগত বলে প্রকাশ করেন। আসলে তিনি ইমানদার নয় এবং ইসলামের ঘোরবিরোধী। জনাব এম এর এই লুকানো চরিত্র বিভিন্ন সময়ে ইসলামি শরিয়ার বিরোধী কর্মকাণ্ডে প্রকাশ পায়।

ক. ইসলামে আকাইদ বলতে কী বুঝায়? ১

খ. 'প্রতিটি জাতির মধ্যে নির্দেশক বা রাসুল রয়েছেন', উক্তিটি দ্বারা কী বোঝ? ২

গ. ইসলামি শরিয়া অনুসারে জনাব এম এর চরিত্র ব্যাখ্যা করো। ৩

ঘ. এ জাতীয় চরিত্রের ইহকালীন ও পারলৌকিক পরিণতি বিশ্লেষণ করো। ৪

২. ▶ প্রতিটি ভালো নাম আমাদের প্রভাবিত করে। যখন বিশাল পদ্মা নদীর নাম উচ্চারণ করা হয়, তখন আমাদের মনে বিপুল পানিরাশির চিত্র উদয় হয়। যখন গোলাপ উচ্চারণ করা হয়, আমাদের মন যেন সুগন্ধে ভরে ওঠে। ঠিক তেমনি যখন আল্লাহ আজিজুন, হালিমুন ইত্যাদি উচ্চারিত হয়, তখনই সর্বশক্তিমান আল্লাহর নানা গুণ এবং পরিচয় আমরা উপলব্ধি করি। এগুলোকে বলা হয় ' আল আসমা উল হুসনা'।

ক. 'আল আসমা উল হুসনা' কী? ১

খ. অর্থসহ ৫টি 'আল আসমা উল হুসনা' উল্লেখ করো। ২

গ. আমাদের মন কী দ্বারা কীভাবে প্রভাবিত হয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. একটি 'আল আসমা উল হুসনা' হচ্ছে 'আল্লাহু মুহাইমিনুন'। এই নামটি আমাদের চরিত্রকে কীভাবে প্রভাবিত করে? সংক্ষেপে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶ ঈদুল আযহার নামায পড়ে দুই বন্ধু মাঠে পশু কোরবানি দেখতে গেল। এক বন্ধু অপরজনকে বলল, 'আমাদের গরুটি তোমাদেরটি অপেক্ষা বড়'। বন্ধু উত্তরে বলল, 'না, আমাদেরটি দামে ও উচ্চতায় বড়'। এতে ওদের মধ্যে ঝগড়া লেগে গেল। এমন সময় ইমাম সাহেব ওই পথ দিয়ে যাচ্ছিলেন। ওদের কথাবার্তা শুনে তিনি থামলেন এবং বললেন,' কুরবানির পশু নিয়ে তোমাদের গর্ব করা উচিত নয়। কুরবানির উদ্দেশ্যই হলো আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভ'।

ক. কুরবানির উদ্দেশ্য কী? ১

খ. হযরত ইসমাইল (আ)কে কেন 'সাদেকুল ওয়াদা' বলা হয়? ২

গ. কুরবানির গুরুত্ব ও তাৎপর্য উল্লেখ করে ইমাম সাহেবের কথা ব্যাখ্যা করো। ৩

ঘ. কুরআন ও হাদিসের আলোকে উদ্দীপকের শেষ বাক্যটি বিশ্লেষণ করো। ৪

৪. ★ জনাব আরেফিন চৌধুরী একটি ফল গাছের কতিপয় শাখা ছাঁটাই করছিলেন। এটা দেখে তাঁর পুত্র নাহিদ জিজ্ঞেস করল,' কেন আপনি গাছের ডাল কাটছেন?' তার বাবা উত্তর দিলেন,' ডালগুলো কেটে দিলে এর উৎপাদন বাড়ে'। তিনি আরও বললেন যে এভাবেই যাকাত দিলে সম্পদ বৃদ্ধি পায়।

ক. ইসলামে নিসাব বলতে কী বোঝায়? ১

খ. যাকাতের মাসারিফ বলতে তুমি কী বোঝ? ২

গ. উদ্দীপক থেকে আমরা বিষয়ের কোন শিক্ষা পাই? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. যদি আরেফিন চৌধুরী যাকাত দেন, তাকে কী কী শর্ত অবশ্যই মানতে হবে? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫.▶ একটি মিলনায়তন সম্পর্কে ভাবো তো। এখানে সব গুরুত্বপূর্ণ অতিথিরা এসে গেছেন। তাঁরা প্রধান অতিথির আগমনের অপেক্ষা করছেন। যখন প্রধান অতিথি এসে প্রবেশ করেন, তখন আর কারও প্রবেশের সুযোগ থাকে না। হ্যাঁ, ইহাই খতমে নবুয়তের উদাহরণ- যেখানে সকল নবি অতিথি এবং মহানবি মুহম্মদ (স) হচ্ছেন প্রধান অতিথি।

ক. ইসলামে 'খতমে নবুয়ত' বলতে কী বোঝায়? ১

খ. আল্লাহ তায়ালার রং বলতে কী বোঝায়। ২

গ. উদ্দীপক অনুসারে হযরত মুহাম্মদ (স) এর অবস্থান সংক্ষেপে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সাহায্য নিয়ে কুরআন ও হাদিসের আলোকে 'খতমে নবুয়ত' এর ধারণা স্পষ্ট করো। ৪

Teachingbd24.com

৬. ★ ড. নিজাম উদ্দিন তাঁর এলাকার একজন খ্যাতনামা পণ্ডিত। শাবান মাসের এক জুমার নামাজে স্থানীয় মসজিদে তিনি একটি বক্তৃতা করেন। বক্তৃতায় তিনি বলেন যে, কোনো এক রাত্রির ইবাদত হাজার রাত্রির ইবাদতের চাইতেও উত্তম। এতে রিদওয়ান বুঝতে পারে যে, এই রাতের ইবাদত বেশি সাওয়াব অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ। এ থেকে পূর্ণ সাওয়াব পাওয়ার জন্য সারা বছর অন্য সকল ইবাদত অবশ্যই যথাযথভাবে করতে হবে।

ক. তোমার পাঠ্যবই অনুসারে কুরআন কী? ১

খ. 'নিঃসন্দেহে এটি পবিত্র গ্রন্থ' —উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. 'একটি রাত' বলতে ড. নিজাম উদ্দিন কোন রাতকে বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. পবিত্র কুরআন ও হাদিসের আলোকে রিদওয়ানের ধারণা বিশ্লেষণ করো। ৪

৭. ★ আনসার আর ফাহিম দুই বন্ধু। তারা ব্যবসা করেন। আনসার ব্যবসায় ভালো লাভ করতে পারেন না। তিনি হতাশ হয়ে ফাহিমকে বলেন যে তার পক্ষে ব্যবসা চালানো অসম্ভব। ফাহিম তাকে ধৈর্য ধরতে বলেন। তিনি আরও বলেন যে সফলতার জন্য অবশ্যই ধৈর্য ধরতে হয়। আল্লাহ বলেন, 'তিনি সবসময় ধৈর্যশীলদের সাথে আছেন'।

ক. সহিষ্ণুতা কী? ১

খ. বিশ্বজনীন ভ্রাতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. এই অবস্থায় আনসারের কী করা উচিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পবিত্র কুরআনের বাণীর যথার্থতা মূল্যায়ন করো। ৪

৮. ▶ ফুয়াদ বিশ্বাস করে সকল মুসলমান এক জাতি; তবে মাসুদ মনে করে রাষ্ট্রভেদে মুসলমানরা বিভক্ত। ফুয়াদ মাসুদের ধারণা স্পষ্ট করার জন্য বলে, 'অবশ্যই মুমিনগণ পরস্পরের ভাই ভাই।

ক. দেশপ্রেম কী? ১

খ. তিন প্রকারের ভ্রাতৃত্বের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ২

গ. তুমি কি মাসুদের ধারণা সমর্থন কর? তোমার মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পবিত্র কুরআনের আয়াতটি বিশ্লেষণ করো। ৪

৯. ▶ সাবিনার চরিত্র পরিচ্ছন্ন ও নির্মল। তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি সৎভাবে তার দায়িত্ব পালন করেন। এজন্য অফিসের কিছু ঈর্ষাপরায়ণ সহকর্মী তাকে মিথ্যা কলংকিত করতে চান । এতে তিনি মনে বেশ

Teachingbd24.com

আঘাত পান। তার স্বামী তাকে সান্ত্বনা দেন এবং বলেন, 'ধৈর্য ধারণ করো, এ জাতীয় ঘটনা হযরত আয়েশা (রা) এর জীবনেও ঘটেছে। তবে তার বিশেষ মহত্ব ছিল।

ক. মক্কা বিজয়ের প্রধান কারণ কী ছিল? ১

খ. হযরত মুসা (আ) কেন মিসর ছেড়ে মদিনা যান? ২

গ. সাবিনার স্বামী হযরত আয়েশা (রা) এর কোন বিশেষ গুণের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাবিনার স্বামীর কথা অনুসারে হযরত আয়েশা (রা) এর চরিত্র বিশ্লেষণ করো। ৪

১০. ★ হাসান সাহেব একজন ধনী ব্যক্তি। তিনি তার গ্রামে একটি স্কুল প্রতিষ্ঠিত করেন। খেটে খাওয়া মানুষের জন্য তিনি একটি নৈশকালীন স্কুলও স্থাপন করেন। স্থানীয় মানুষের পানির কষ্ট দূর করতে তিনি একটি গভীর নলকূপ স্থাপন করেন। তিনি গ্রামের ভাঙা রাস্তা ও পুলগুলো মেরামত করে দেন। সবাই তার প্রশংসা করেন, তবে ফরিদ মিয়া কিছুতেই তাকে সহ্য করতে পারেন না। তার ওপর ঈর্ষান্বিত হয়ে ফরিদ মিয়া কুৎসা রটান এবং ক্ষতি করার চেষ্টা করেন।

ক. ইসলামে অশ্লীলতা কী? ১

খ. ঘৃণা কি মানবিক গুণের মধ্যে পড়ে? ২

গ. হাসান সাহেবের চরিত্রে আখলাক-ই-হামিদার কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইসলামের দৃষ্টিকোণ থেকে ফরিদ মিয়ার কর্মকাণ্ড বিশ্লেষণ করো। ৪

১১. ▶ মনজিল তার বন্ধু ফাহেমকে পবিত্র কুরআনের কিছু আয়াত পাঠ করতে বলেন; এর কারণ যদি কেউ প্রত্যেক ফরজ নামাজের পর কুরআন তিলাওয়াত করেন, তার জন্য মৃত্যু ছাড়া জান্নাতের পথে আর কোনো বাধা থাকবে না। তখন ফাহেম বললেন,' আমাদেরকে আল্লাহর পবিত্রতা ঘোষণা করতে হবে এবং তাঁর প্রশংসা করতে হবে'।

ক. নাজেরা তিলওয়াত কী? ১

খ. গুন্নাহ ছাড়া ইদগাম বলতে কী বোঝায়? ২

গ. মনজিলে তার বন্ধুকে কোন আয়াতগুলো পাঠ করতে বলেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফাহেমের মন্তব্য কোন একটি সূরার শিক্ষাকে উপস্থাপন করে— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কার শাসনামলে যাকাত গ্রহণ করার মতো লোক খুঁজে পাওয়া কঠিন ছিল?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত উমর বিন আবদুল আজিজ (র)
গ) হযরত ওসমান (রা)
ঘ) হযরত আলী (রা)

২. ★ খাতামুন নাবিয়্যিন কে ছিলেন?
ক) হযরত ওসমান (আ)
খ) হযরত ইবরাহিম (আ)
গ) মহানবি হযরত মুহাম্মদ (স)
ঘ) হযরত ইসমাইল (আ)

৩. শাফায়াত ই কুবরার অপর নাম কী?
ক) শাফায়াত ই সুগরা
খ) শাফায়াত ই সুলফা
গ) শাফায়াত ই উযমা
ঘ) শাফায়াত ই হুসনা

৪. ★ মহানবি হযরত মুহাম্মদ (স) এর মৃত্যুর পর হযরত আয়েশা (রা) কত বছর বেঁচে ছিলেন?
ক) ৩৯ বছর খ) ৪০ বছর
গ) ৪১ বছর ঘ) ৪২ বছর

৫. আল্লাহু গাফুরুন আমাদের কেমন হতে সাহায্য করে?
ক) ক্ষমাশীল খ) স্বাধীন
গ) রক্ষাকারী ঘ) আস্থাবান

৬. ★ 'নিশ্চয়ই মোনাফিকদের জায়গা হবে দোজখের সবচেয়ে নিকৃষ্ট স্থানে'। এই আয়াতের অর্থ-
i. নিফাক একটি নিকৃষ্ট পাপ
ii. নিফাক একটি ক্ষমার অযোগ্য পাপ
iii. নিফাক সবচেয়ে ঘৃণ্য কাজ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৭. ★ মক্কি সুরার সংখ্যা-
ক) ২৫ টি খ) ২৬ টি
গ) ২৭ টি ঘ) ২৮ টি

৮. খতমে নবুয়তে বিশ্বাস করা-
ক) ওয়াজিব খ) ফরয
গ) মুস্তাহাব ঘ) ফরযে কেফায়া

৯. শিশুর জন্মের --- তম দিনে আকিকা দেওয়া মুস্তাহাব।
ক) ১ম খ) ৩য়
গ) ৫ম ঘ) ৭ম

১০. কারা উজাইর (আ) কে আল্লাহর পুত্র বলতেন?
ক) মুসলমানরা খ) ইহুদিরা
গ) মুশরিকরা ঘ) নাসারারা

১১. আরাফাত দিবস কোনটি?
ক) ১১ই জিলহজ খ) ১০ই জিলহজ
গ) ৯ই জিলহজ ঘ) ৮ই জিলহজ

১২. ★ বিদায় হজ --- খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত হয়।
ক) ৬২৮ খ) ৬৩০
গ) ৬৩১ ঘ) ৬৩২

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:

★ ছাবিহা একজন ভালো ছাত্রী। তার ধারণা ক্লাশের কেউই তার সমকক্ষ নয়। সে সব ক্ষেত্রে সবার চাইতে ভালো। সে খারাপ ছাত্র/ছাত্রীদের সাথে মেশে না।

১৩. সাবিহার চরিত্রে কোন দিকটি ফুটে উঠেছে?
ক) সৌন্দর্যহীনতা খ) ফ্যাশন
গ) অহংকার ঘ) ঈর্ষা

১৪. কে সাবিহাকে অপছন্দ করে?
ক) আল্লাহ খ) রাসুলগণ
গ) সাধারণ মানুষ ঘ) ফেরেশতারা

১৫. কোন বিশ্বাস মানুষকে তার কার্যকলাপে সৎ হতে সহায়তা করে?
ক) আসমানি কিতাবে বিশ্বাস
খ) আখিরাতে বিশ্বাস
গ) ফেরেশতাদের ওপর বিশ্বাস
ঘ) নবি-রাসুলগণের ওপর বিশ্বাস

১৬. ★ ইদগামের অর্থ কী?
ক) একটি জিনিসকে আরেকটি জিনিসের সাথে মেশানো
খ) একটি চিঠি আরেকটির সাথে জোড়া দেওয়া
গ) উভয় চিঠি একটি অপরটির সাথে জুড়ে দেওয়া
ঘ) গুন্নাহের সাথে ইদগাম

১৭. ★ বাইয়াতুর রিদওয়ান কোন হিজরি শতকে অনুষ্ঠিত হয়?
ক) ৬ষ্ঠ খ) ৭ম
গ) ৮ম ঘ) ৯ম

https://teachingbd24.com

১৮. যিনি সকালে এবং ঘুমাতে যাবার পূর্বে আয়াতুল কুরসি পড়েন, তিনি/তাকে-
ⓚ সব বিপদ থেকে আল্লাহ রক্ষা করবেন
ⓚ সব বিপদ থেকে রাসুল (স) রক্ষা করবেন
ⓖ সব বিপদ থেকে আল্লাহ এবং রাসুল (স) রক্ষা করবেন
ⓖ সব বিপদ থেকে কোনো পির রক্ষা করবেন

১৯. আবদুল্লাহ সাহেব সবসময় অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল। তাঁর চরিত্রে আখলাক ই হামিদার কোন বৈশিষ্ট্য বিদ্যমান?
ⓚ ধৈর্য   ⓚ দেশপ্রেম
ⓖ ভ্রাতৃত্ব   ⓖ সহনশীলতা

২০. ইসলামে সুদ নেওয়া নিষিদ্ধ, কারণ—
i. এটা প্রতারণার একটি হাতিয়ার
ii. এটা দরিদ্র মানুষদের ঠকায়
iii. এটা মানবতাবিরোধী একটি কাজ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii   ⓚ ii ও iii
ⓖ i ও iii   ⓖ i, ii ও iii

২১. কিয়ামতের পূর্বে কোন নবি এই জগতে আবার আসবেন?
ⓚ মহানবি হযরত মুহাম্মদ (স)
ⓚ হযরত দাউদ (আ)
ⓖ হযরত ঈসা (আ)
ⓖ হযরত সোলায়মান (আ)

২২. ক্ষমা পাওয়ার যোগ্য হওয়ার জন্য কোনো ভুল কাজ না করার ক্ষেত্রে কী করা দরকার?
ⓚ সিদ্ধান্ত নেয়া
ⓚ নিজে চিন্তা করা
ⓖ গভীরভাবে চিন্তামগ্ন হওয়া
ⓖ প্রবল সংকল্প বা ভুলে যাওয়া

২৩. হুদাইবিয়ার সন্ধির সময় মুসলমানদের পক্ষে দূত কে ছিলেন?
ⓚ হযরত আলী (রা)
ⓚ হযরত ওমর (রা)
ⓖ হযরত তালহা (রা)
ⓖ হযরত উসমান (রা)

২৪. ★ 'উমাইয়াদের সাধু' কার উপাধি?
ⓚ হযরত মুআবিয়া (রা)
ⓚ হযরত ওমর (রা)
ⓖ হযরত ওমর বিন আব্দুল আজিজ (রা)
ⓖ হযরত উসমান (রা)

২৫. কোন সুরা অবতীর্ণ হবার সময় মহানবি হযরত মুহাম্মদ (স) উপলব্ধি করলেন যে তাঁর মৃত্যু আসন্ন?
ⓚ আল কাউসার   ⓚ আন নাসর
ⓖ আল কাদর   ⓖ আল যিলযাল

২৬. কোনটি খুনের চাইতেও ঘৃণ্য?
ⓚ ঈর্ষা   ⓚ চুরি
ⓖ ফিতনা   ⓖ পরনিন্দা

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

★ কামরুল একজন শয়তানতুল্য মানুষ এবং নেশাগ্রস্ত। সে স্কুল-কলেজগামী ছাত্রীদের উত্যক্ত করে। সে ছিনতাইয়ের সাথেও জড়িত। তার পিতা তার খারাপ আচরণের জন্য লজ্জাবোধ করেন।

২৭. ইসলামের দৃষ্টিতে কামরুলের কর্ম-
i. কবিরা গুনাহ
ii. সগিরা গুনাহ
iii. খুব নিন্দনীয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii   ⓚ i ও iii
ⓖ ii ও iii   ⓖ i, ii ও iii

২৮. কামরুলের বন্ধু হিসেবে এমন অবস্থায় তুমি কী করবে?
ⓚ নিজেও মাদক নিবে
ⓚ তাকে ছিনতাইয়ে সাহায্য করবে
ⓖ তাকে সঠিক পথে আনতে চেষ্টা করবে
ⓖ তাকে এড়িয়ে চলবে

২৯. বায়তুল্লাকে বাঁচাতে আব্দুল মুত্তালিব কী পদক্ষেপ নিয়েছিলেন?
i. আল্লাহর কাছে ক্ষমা চাইলেন
ii. যুদ্ধের প্রস্তুতি নিলেন
iii. পুরো ব্যাপারটা আল্লাহর উপর ছেড়ে দিলেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii   ⓚ ii ও iii
ⓖ i ও iii   ⓖ i, ii ও iii

৩০. মরুভূমিতে পাখিরা কোথায় ওড়ে?
ⓚ যেখানে বাড়িঘর আছে
ⓚ যেখানে পানি আছে
ⓖ যেখানে গাছপালা আছে
ⓖ যেখানে কলকারখানা আছে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com